দৈনিক ইত্তেফাক

তারিখ MAY 6 1999
পৃষ্ঠা ৪ কলাম ৬

217

# প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ মর্যাদা

আমাদের শিক্ষাব্যবস্থায় প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ভূমিকা উল্লেখযোগ্য। সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের চাকুরীর জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি দেওয়া হয়। একইভাবে সহকারী প্রধান শিক্ষক হইতে প্রধান শিক্ষক পদে পদোন্নতি পাওয়া সত্ত্বেও প্রধান শিক্ষকের বেতন ভাতা বৃদ্ধি পায় না এবং সরকারী প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও তাঁহাদের সুনির্দিষ্ট কোন পদমর্যাদার কথা উল্লেখ নাই। শিক্ষক সমিতির পক্ষ হইতে বিভিন্ন সময়ে প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদা দানের দাবি উঠিয়াছে। আর তাই সার্বিক অবস্থা বিবেচনা করিয়া মানুষ গড়ার ক্ষেত্র প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের পদমর্যাদা প্রদানপূর্বক তাঁহাদের বেতন ভাতা বৃদ্ধি করিতে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন জানাইতেছি।

**রেজাউল ফিরোজ (রিন্টু),**
আইন বিভাগ,
ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি,
ঢাকা-১২০৯।